

জলপ্রপাত

রানা পাল



জলপ্রপাতের সামনে দাঁড়িয়ে সেই মেয়েটি কাঁদছিল
তখন কি তার পিঠের ওপর আলতো কোনো হাত ছিল?

যে হাত পারে মেঘ সরিয়ে বলমলে রোদ এনে দিতে,
যে হাত পারে যোজন দূরের দুঃখ ফেঁটা মুছে দিতে,

যে হাত পারে সরিয়ে দিতে কপালের চুল এলোমেলো,
মন খারাপের রাতে যে হাত ভালবাসা বুলিয়ে গেলো,

সেই মেয়েটির পিঠের ওপর তেমন কোন হাত ছিল?
তখন কি সেই নীল আকাশে পূর্ণ নিখর চাঁদ ছিল?

জলপ্রপাতের সামনে দাঁড়িয়ে সেই মেয়েটি কাঁদছিল।